গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২০ - জুন ৩০, ২০২১

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ........ ৩

প্রস্তাবনা ........ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ........ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ........ ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ........ ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........ ১৭

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ........ ১৮

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ........ ২৩

# মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
# (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

উন্নয়ন কৌশল বাস্তবায়নে বিনিয়োগ চাহিদা পূরণের জন্য ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থ-বছরে মোট ৪২.৮৪ (গড়ে ১৪.২৮) বিলিয়ন মার্কিন ডলারের বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতি অর্জনে সক্ষম হয়েছে। আলোচ্য মেয়াদে অর্জিত প্রতিশ্রুতি পূর্ববর্তী তিন অর্থ-বছরের (২০১৩-১৪ হতে ২০১৫-১৬) তুলনায় প্রায় ২৩৬% বেশি। অন্যদিকে, ২০১৬-১৭ হতে ২০১৮-১৯ অর্থ-বছরে বৈদেশিক সহায়তা ছাড়ের মোট পরিমাণ ১৬.১৩ (গড়ে ৫.৩৮) বিলিয়ন মার্কিন ডলার, যা পূর্ববর্তী তিন অর্থ-বছরের (২০১৩-১৪ হতে ২০১৫-১৬) অপেক্ষা ১৬৬% বেশি। বৈদেশিক ঋণ, ধারণ ক্ষমতার মধ্যে সীমিত রাখার বিচক্ষণ নীতি অব্যাহতভাবে অনুসরণ করার ফলে আন্তর্জাতিকভাবে অনুসৃত debt sustainability-এর সূচক অনুযায়ী বৈদেশিক ঋণমান সন্তোষজনক পর্যায়ে রয়েছে। উন্নয়ন সহযোগিতা বৃদ্ধি ও কার্যকর করার লক্ষ্যে জানুয়ারি, ২০২০-তে বাংলাদেশ উন্নয়ন ফোরাম (বিডিএফ) আয়োজন করা হয়েছে। বৈদেশিক সহায়তা ব্যবস্থাপনায় গুণগত পরিবর্তন আনয়ননের লক্ষ্যে 'উন্নয়ন সহায়তা সংক্রান্ত জাতীয় নীতিমালা'-এর খসড়া প্রণয়ন করা হয়েছে। এছাড়া প্রকল্প বাস্তবায়ন দ্রুততর করার লক্ষ্যে 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের অর্থ বরাদ্দ ও ব্যবস্থাপনা নীতিমালা' এবং 'প্রকল্পের প্রস্তুতিমূলক কাজের চেকলিস্ট' প্রণয়ন করা হয়েছে। Aid transparency ও mutual accountability বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন সহযোগী কর্তৃক অনলাইনে তথ্য সরবরাহ এবং বৈদেশিক সহায়তার সুষ্ঠু ব্যবস্থাপনার জন্য ২টি ওয়েব-বেইজড সফট্ওয়্যার চালু করা হয়েছে। 'Flow of External Resources into Bangladesh' পুস্তিকা আকারে ১৯৭২-৭৩ সাল থেকে প্রতিবছর হালনাগাদ তথ্য সহকারে প্রকাশনার ব্যবস্থা অব্যাহত রয়েছে। Knowledge sharing-এর মাধ্যমে ইআরডি'র কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে Information repository-এর ই-প্লাটফর্ম ERDPEDIA তৈরি করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

বৈদেশিক সহায়তার পাইপলাইনে সঞ্চিত অর্থ কাঙ্খিত মাত্রায় ডিসবার্সমেন্ট না হওয়া। বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা কর্তৃক বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প বাস্তবায়নে দীর্ঘসূত্রিতা ও ডিপিপি/টিপিপি অনুমোদনে বিলম্ব। অনেক ক্ষেত্রে নিজেদের অগ্রাধিকার এবং আর্থিক বিধি-বিধানের সাথে সংগতিপূর্ণ বৈদেশিক সহায়তা সংগ্রহের চ্যালেঞ্জ। কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় বর্ধিত অর্থায়ন চাহিদা, এলডিসি-উত্তরণ প্রক্রিয়াকালীন চ্যালেঞ্জ, সহজ শর্তের বৈদেশিক ঋণ ও উৎসের সংকোচন এবং তার কার্যকর ব্যবহারে সক্ষমতার ঘাটতি।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

৮ম পঞ্চবার্ষিক পরিকল্পনা, সরকারের নির্বাচনী ইশতেহার, প্রেক্ষিত পরিকল্পনা ও ডেল্টা প্ল্যান অনুযায়ী অবকাঠামো খাতে বিনিয়োগের লক্ষ্যমাত্রা অর্জনে বিদ্যুৎ, জ্বালানি, সেতু ও সড়ক, আইসিটিসহ অন্যান্য অবকাঠামো নির্মাণে অধিক হারে বৈদেশিক সহায়তা সংগ্রহ করা। একই সাথে কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় বর্ধিত বাজেট সহায়তা ও প্রকল্প সহায়তা সংগ্রহ এবং SDG লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শিক্ষা, স্বাস্থ্য এবং সামাজিক সুরক্ষা সেক্টরের বৈদেশিক সহায়তা সংগ্রহের কার্যক্রম অব্যাহত রাখা। বৈদেশিক সহায়তা সংগ্রহের বহুমুখীকরণ প্রচেষ্টা জোরদার করার লক্ষ্যে পিপিপি এবং এনআরবি-কে প্রাধান্য দেওয়া। জলবায়ু পরিবর্তনের ঝুঁকি মোকাবেলায় অর্থায়নের লক্ষ্যে Green Climate Fund (GCF)-এর সাথে বাংলাদেশের সমন্বয়ক হিসেবে চলমান কার্যক্রম আরো জোরদার করা।

**২০২০-২১ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বৈদেশিক সহায়তা সংগ্রহের লক্ষ্যে ৭২টি চুক্তি সম্পাদনের মাধ্যমে ৬০০০ মিঃ মাঃ ডলার প্রতিশ্রুতি অর্জন ও ৫৫৫৫ মিঃ মাঃ ডলার বৈদেশিক সহায়তা ছাড়করণ;
- ২১৫০ মিঃ মাঃ ডলার বৈদেশিক ঋণ এবং সুদ পরিশোধ;
- কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় অর্থায়ন পরিকল্পনা প্রণয়ন এবং এ লক্ষ্যে ১০০০ মিঃ মাঃ ডলার প্রতিশ্রুতি অর্জন;
- এলডিসি উত্তরণের রোডম্যাপ বাস্তবায়নে গঠিত টাস্কফোর্সের কার্যক্রম বাস্তবায়নের জন্য কোর টিমের ৪টি এবং টাস্কফোর্সের ২টি সভা আয়োজন।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অর্থ মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০২০ সালের সেপ্টেম্বর মাসের ১৭ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সুষম ও টেকসই আর্থ-সামাজিক উন্নয়ন।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

বৈদেশিক সহায়তার সুষ্ঠু ব্যবস্থাপনা এবং উন্নয়ন সহযোগীদের সাথে সম্পর্ক জোরদারকরণের মাধ্যমে জাতীয় উন্নয়ন কৌশল বাস্তবায়নে সহায়তা।

### ১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)

#### ১.৩.১ মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. বৈদেশিক সম্পদ আহরণের মাধ্যমে সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা প্রদান

২. বৈদেশিক ঋণ গ্রহণ ধারণ ক্ষমতার মধ্যে সীমিত রেখে সামষ্টিক অর্থনীতি স্থিতিশীল রাখায় অবদান

৩. উন্নয়ন সহযোগীদের সাথে অর্থনৈতিক সম্পর্ক জোরদারকরণ এবং কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় অর্থনৈতিক পুনরুদ্ধারের অর্থায়ন পরিকল্পনা গ্রহণ

৪. অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক সহায়তার কার্যকারিতা বৃদ্ধি এবং এর আহরণ ও ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি

#### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১. দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ

২. কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি

৩. আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন

### ১.৪ কার্যাবলি (Functions)

১. উন্নয়ন প্রকল্প/কর্মসূচির জন্য বৈদেশিক সহায়তার প্রস্তাব যাচাই-বাছাইকরণ;

২. খাদ্য সহায়তা, বাজেট সহায়তা, জলবায়ু তহবিল ও প্রকল্প সহায়তা অনুসন্ধান এবং দ্বিপাক্ষিক/বহুপাক্ষিক দেশ/সংস্থার সঙ্গে নেগোসিয়েশন (Negotiation), চুক্তি সম্পাদন ও কার্যকর করা;

৩. পঞ্চবার্ষিক পরিকল্পনা অনুসরণে বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে অন্তর্ভুক্ত প্রকল্পসমূহে আহরিত বৈদেশিক সহায়তা বরাদ্দ প্রদান;

৪. বৈদেশিক সহায়তার ব্যবহার পরিবীক্ষণ, মূল্যায়ন এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান ও উন্নয়ন সহযোগীদের মধ্যে সমন্বয় সাধন করা;

৫. ঋণের পরিলেখ (Debt Profiling), বিশ্লেষণ, বাজেটিং, ঋণ ও সুদ পরিশোধ (Debt Servicing) এবং হিসাব সংরক্ষণের মাধ্যমে বৈদেশিক ঋণের ব্যবস্থাপনা;

৬. আন্তর্জাতিক উন্নয়ন সংস্থার প্রধান কার্যালয় ও বিদেশে অবস্থিত বাংলাদেশ মিশনসূহের সঙ্গে সমন্বয় সাধন এবং যৌথ কমিশন/যৌথ অর্থনৈতিক কমিশন/যৌথ অর্থনৈতিক কমিটির সভার মাধ্যমে অর্থনৈতিক সহযোগিতা বৃদ্ধি, চুক্তি সম্পাদন এবং উদ্ভূত সমস্যা সমাধান;

৭. বৈদেশিক সহায়তা ও ঋণ সংক্রান্ত নীতি ও কৌশল নির্ধারণ; এবং

৮. কার্যকর উন্নয়ন সহযোগিতার লক্ষ্যে বৈশ্বিক অংশিদারিত্ব (Global Partnership) নিশ্চিতকরণ।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা ২০২০-২১ | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বৈদেশিক সহায়তার উপর নির্ভরতা হ্রাসকরণ | জিডিপির তুলনায় বৈদেশিক সহায়তার প্রতিশ্রুতির হার | অনুপাত | ৩.২৮ | ১.৭৭ | ১.৫৫ | ১.৩৬ | ১.২১ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | পরিসংখ্যান ব্যুরো, ইআরডি |
| | জিডিপির তুলনায় বৈদেশিক সহায়তার অর্থ ছাড়ের হার | অনুপাত | ২.১৬ | ২.১ | ২.১২ | ২.১১ | ১.৯৭ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | পরিসংখ্যান ব্যুরো, ইআরডি |
| | মোট এডিপি/আরএডিপি তুলনায় বরাদ্দকৃত প্রকল্প সাহায্যের হার | অনুপাত | ৩২ | ৩৩ | ৩৪.৩৬ | ৩৩ | ৩২ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | ইআরডি, অর্থ-বিভাগ ও পরিকল্পনা মন্ত্রণালয় |
| | পাইপলাইনে সঞ্চিত বৈদেশিক সহায়তার তুলনায় অর্থ ছাড়ের হার | অনুপাত | ১৪.৬৯ | ১৫.৪৭ | ১৯.২৫ | ২১.৮৯ | ২৫.২৭ | প্রকল্প বাস্তবায়নকারী সকল মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা | ইআরডি |
| ধারণ ক্ষমতার মধ্যে বৈদেশিক ঋণ সীমিত | জিডিপির তুলনায় বৈদেশিক ঋণের স্থিতির হার | অনুপাত | ১২.৭২ | ১২.৯৯ | ১৩.১৮ | ১৩.২৭ | ১৩.৩৮ | অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়সহ উৎপাদনের সাথে জড়িত সকল সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান | পরিসংখ্যান ব্যুরো, ইআরডি |
| | রপ্তানী ও রেমিটেন্স এর তুলনায় বৈদেশিক ঋণের স্থিতির হার | অনুপাত | ৬৭.৫৯ | ৬৭.২৫ | ৭১.৯৮ | ৭৩.৯৯ | ৭৫.৩১ | অর্থ মন্ত্রণালয়, বাণিজ্য মন্ত্রণালয়সহ উৎপাদনের সাথে জড়িত সকল সরকারি, আধা-সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান | বাংলাদেশ ব্যাংক, ইআরডি |
| | রপ্তানী ও রেমিটেন্স এর তুলনায় বৈদেশিক ঋণ এবং সুদ পরিশোধের হার | অনুপাত | ২.৮ | ২.৮২ | ৩.০৩ | ২.৯১ | ২.৭৭ | বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক | বাংলাদেশ ব্যাংক, ইআরডি |
| | রাজস্ব আয়ের তুলনায় ঋণ এবং সুদ পরিশোধের হার | অনুপাত | ৪.৯১ | ৪.৭৮ | ৪.৪৯ | ৪.৪ | ৪.৩ | ইআরডি, রাজস্ব আহরণে সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ | ইআরডি ও অর্থ বিভাগ |

*সাময়িক (provisional) তথ্য

# সেকশন ৩

# কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [১] বৈদেশিক সম্পদ আহরণের মাধ্যমে সরকারের উন্নয়ন পরিকল্পনা বাস্তবায়নে সহায়তা প্রদান | ৪২ | [১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | [১.১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | সমষ্টি | সংখ্যা | ৫ | ১২১ | ৭৯ | ৮০ | ৭২ | ৬৪ | ৬০ | ৫৫ | ৮০ | ৮২ |
| | | [১.২] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ফ্যাক্ট ফাইন্ডিং/বাস্তবায়ন মিশন সমাপ্ত | [১.২.১] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ফ্যাক্ট ফাইন্ডিং/বাস্তবায়ন মিশন সমাপ্ত | সমষ্টি | সংখ্যা | ৫ | ১২৬ | ৯৭ | ৭১ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৭২ | ৭৫ |
| | | [১.৩] উন্নয়ন সহযোগীদের সাথে নেগোসিয়েশন সমাপ্ত | [১.৩.১] উন্নয়ন সহযোগীদের সাথে নেগোসিয়েশন সমাপ্ত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৯৮ | ৪৩ | ৬৮ | ৬২ | ৫৮ | ৫৪ | ৫০ | ৭০ | ৭২ |
| | | | [১.৩.২] খসড়া চুক্তি পরীক্ষিত ও চূড়ান্ত | সমষ্টি | সংখ্যা | ৫ | ৮৪ | ৫১ | ৭০ | ৬৫ | ৬০ | ৫৫ | ৫০ | ৭০ | ৭২ |
| | | [১.৪] চুক্তি স্বাক্ষর | [১.৪.১] প্রতিশ্রুতি অর্জিত | সমষ্টি | মি:মা:ড: | ৬ | ৯৭৯১ | ৬৪০৪ | ৬০০০ | ৫৮০০ | ৫৫০০ | ৫২০০ | ৫০০০ | ৬২০০ | ৬৫০০ |
| | | | [১.৪.২] সরকার কর্তৃক চুক্তি অনুমোদিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৯৫ | ৩৯ | ৭২ | ৬৬ | ৬০ | ৫৫ | ৫০ | ৬৬ | ৬৮ |
| | | [১.৫] বৈদেশিক সহায়তার ব্যবহার | [১.৫.১] চুক্তি কার্যকর | সমষ্টি | সংখ্যা | ২ | ৯৭ | ৪৩ | ৭২ | ৬৬ | ৬০ | ৫৫ | ৫০ | ৭২ | ৭৫ |
| | | | [১.৫.২] এডিপিভুক্ত প্রকল্পের অনুকূলে প্রকল্প সাহায্য বরাদ্দকৃত | সমষ্টি | কোটি টাকা | ২ | ৬০০০০ | ৭১৮০০ | ৬২০০০ | ৬০০০০ | ৫৮০০০ | ৫৫০০০ | ৫২০০০ | ৬৫০০০ | ৬৬০০০ |
| | | | [১.৫.৩] ছাড়কৃত বৈদেশিক সাহায্য | সমষ্টি | মি:মা:ড: | ২ | ৬২১০ | ৬০০০ | ৫৫৫৫ | ৫৪০০ | ৫৩০০ | ৫২০০ | ৫০০০ | ৫৭০০ | ৬০০০ |
| | | [১.৬] বৈদেশিক সহায়তার ব্যবহার কাঙ্খিত পর্যায়ে উন্নীতকরণে তদারকি | [১.৬.১] প্রকল্প বাস্তবায়নে চিহ্নিত সমস্যা দূরীকরণে ত্রৈমাসিক ত্রি-পক্ষীয় সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ৩ | ৩৮ | ৩২ | ৩৩ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ৩৩ | ৩৪ |
| | | | [১.৬.২] ধীর-গতির প্রকল্পসমূহ চিহ্নিত | তারিখ | তারিখ | ৩ | ২০.০১.১৯ | ২৭.০২.২০ | ২৮.০২.২১ | ৩১.০৩.২১ | ৩০.০৪.২১ | ৩১.০৫.২১ | ৩০.০৬.২১ | ২৮.০২.২২ | ২৮.০২.২৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | | [১.৬.৩] ত্রি-পক্ষীয় সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থায় অবহিতকরণ | সমষ্টি | সংখ্যা | ১ | | ৩২ | ৩৩ | ২৮ | ২৫ | ২২ | ২০ | ৩৩ | ৩৪ |
| [২] বৈদেশিক ঋণ গ্রহণ ধারণ ক্ষমতার মধ্যে সীমিত রেখে সামষ্টিক অর্থনীতি স্থিতিশীল রাখায় অবদান | ১১ | [২.১] ডিএমএফএএস ব্যবস্থাপনা | [২.১.১] ডিএমএফএএস তথ্য হালনাগাদকৃত | তারিখ | তারিখ | ৪ | ৩০.১২.১৮ | ৩০.০৯.১৯ | ৩০.০৯.২০ | ৩১.১০.২০ | ৩০.১১.২০ | ৩১.১২.২০ | ৩১.০১.২০ | ৩০.০৯.২১ | ৩০.০৯.২২ |
| | | [২.২] ঋণ পরিশোধ | [২.২.১] বৈদেশিক ঋণের আসল ও সুদ পরিশোধিত | সমষ্টি | মি:মা:ড: | ৩ | ১৫৬৫ | ১৭২৬.২২ | ২১৫০ | ২২৫০ | ২৩৫০ | ২৪৫০ | ২৫৫০ | ২১৫০ | ২১৫০ |
| | | [২.৩] ঋণের উপাত্ত বিশ্লেষণ | [২.৩.১] বিশ্বব্যাংক, আইএমএফ ও ক্রেডিট রেটিং এজেন্সীকে ঋণ সংক্রান্ত তথ্য সরবরাহিত | সমষ্টি | সংখ্যা | ৪ | ৯ | ৭ | ৯ | ৮ | ৬ | ৫ | ৪ | ৯ | ৯ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] উন্নয়ন সহযোগীদের সাথে অর্থনৈতিক সম্পর্ক জোরদারকরণ এবং কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় অর্থনৈতিক পুনরুদ্ধারের অর্থায়ন পরিকল্পনা গ্রহণ | ১১ | [৩.১] যৌথ অর্থনৈতিক সহযোগিতা উন্নয়নের উদ্যোগ | [৩.১.১] উচ্চপর্যায়ের সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ২৭ | ২৬ | ১০ | ৮ | ৬ | ৫ | ৪ | ১০ | ১২ |
| | | [৩.২] জাতীয়/আন্তর্জাতিক সভা/সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] বিডিএফ/আন্তর্জাতিক কনফারেন্স/ওয়ার্কশপ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ৪ | ২ | ১ | | | | ২ | ২ |
| | | | [৩.২.২] বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণের অগ্রযাত্রা বিষয়ক ১টি কর্মশালা আয়োজিত | তারিখ | তারিখ | ২ | | | ২৬.০৩.২১ | ১৫.০৪.২১ | ৩০.০৪.২১ | ৩১.০৫.২১ | ৩০.০৬.২০ | | |
| | | [৩.৩] 'গ্রীন ক্লাইমেট ফান্ড (জিসিএফ)' থেকে অর্থ প্রাপ্তির লক্ষ্যে ডাইরেক্ট এনটিটি হিসেবে মনোনয়নের জন্য প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই অন্তে 'অনলাইন অ্যাক্রেডিটেশন সিস্টেম'-এ প্রবেশাধিকার প্রদানের জন্য জিসিএফ সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ | [৩.৩.১] জিসিএফ-এর নিকট পত্র/ইমেইলের মাধ্যমে প্রস্তাব প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | ৫ | ৫ |
| | | [৩.৪] কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় অর্থনৈতিক পুনরুদ্ধারের অর্থায়ন পরিকল্পনা গ্রহণ | [৩.৪.১] কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় এ সংশ্লিষ্ট বাজেট সহায়তা ও প্রকল্প সহায়তার প্রতিশ্রুতি অর্জিত | সমষ্টি | মিঃ মাঃ ডলার | ২ | | | ১০০০ | ৮০০ | ৭০০ | ৬০০ | ৫০০ | ১২০০ | ১৩০০ |
| | | | [৩.৪.২] কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় চলতি অর্থবছরের এ বিভাগ সংশ্লিষ্ট অর্থনৈতিক পুনরুদ্ধারের অর্থায়ন পরিকল্পনা প্রণীত | তারিখ | তারিখ | ১ | | | ৩১.০৭.২০ | ৩১.০৮.২০ | ৩০.০৯.২০ | ৩১.১০.২০ | ৩০.১১.২০ | ৩১.০৭.২১ | ৩১.০৭.২২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| **মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | | |
| [৪] অর্থনৈতিক উন্নয়নে বৈদেশিক সহায়তার কার্যকারিতা বৃদ্ধি এবং এর আহরণ ও ব্যবহারের সক্ষমতা বৃদ্ধি | ১১ | [৪.১] উন্নয়ন সহযোগীদের সাথে আলোচনার কার্যকর প্লাটফর্ম প্রতিষ্ঠা | [৪.১.১] লোকাল কন্সালটেটিভ গ্রুপ/ওয়ার্কিং গ্রুপের সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | ২ | ৩ | ২ | ১ | | | | ৩ | ৩ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| | | [৪.২] বৈদেশিক সহায়তার কার্যকারিতা বিশ্লেষণ | [৪.২.১] এআইএমএস (AIMS) প্রতিবেদন প্রণীত | সমষ্টি | সংখ্যা | ২ | ৪ | ২ | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [৪.৩] এলডিসি উত্তরণের রোডম্যাপ বাস্তবায়নে সরকার কর্তৃক গঠিত টাস্কফোর্সের কার্যক্রম বাস্তবায়ন | [৪.৩.১] জাতীয় টাস্কফোর্সের সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | ৪ | ২ | ২ | ১ | | | | ৩ | ৩ |
| | | [৪.৪] এলডিসি উত্তরণের ক্রাইটেরিয়া অর্জনে কোর টিমের মাধ্যমে তথ্য ও উপাত্তের আলোকে বাংলাদেশের অবস্থান পরিবীক্ষণ এবং এ সংক্রান্ত গবেষণা/সমীক্ষা আয়োজনের সুপারিশ প্রদান | [৪.৪.১] কোর টিমের সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | ১ | | ৪ | ৪ |
| | | [৪.৫] প্রকাশনা | [৪.৫.১] Flow of External Resources into Bangladesh প্রকাশিত | তারিখ | তারিখ | ২ | ১০.০২.১৯ | ৩০.১২.১৯ | ৩০.০৩.২১ | ৩০.০৪.২১ | ১৬.০৫.২১ | ৩১.০৫.২১ | ৩০.০৬.২১ | ৩০.০৩.২২ | ৩০.০৩.২৩ |
| | | [৪.৬] অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময় | [৪.৬.১] সেমিনার/ওয়ার্কশপ আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | | | | | | | |
| | | [৪.৭] ইআরডির প্রকল্প বাস্তবায়ন | [৪.৭.১] এডিপি/আরএডিপি অনুযায়ী বরাদ্দকৃত প্রকল্প সাহায্য ব্যবহৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | ৯৩.৩৯ | ৮৬ | ৯২ | ৮৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৯৪ | ৯৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [১] দাপ্তরিক কর্মকান্ডে স্বচ্ছতা বৃদ্ধি ও জবাবদিহি নিশ্চিতকরণ | ১০ | [১.১] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) বাস্তবায়ন | [১.১.১] এপিএ টিমের মাসিক সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ১২ | ১১ | | | | ১২ | ১২ |
| | | | [১.১.২] এপিএ'র সকল ত্রৈমাসিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | | | | | ৪ | ৪ |
| | | [১.২] শুদ্ধাচার/উত্তম চর্চার বিষয়ে অংশীজনদের সঙ্গে মতবিনিময় | [১.২.১] মতবিনিময় সভা অনুষ্ঠিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [১.৩] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে সেবাগ্রহীতা /অংশীজনদের অবহিতকরণ | [১.৩.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৪] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে সেবাগ্রহীতাদের অবহিতকরণ | [১.৪.১] অবহিতকরণ সভা আয়োজিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | ২ | | | ৪ | ৪ |
| | | [১.৫] তথ্য বাতায়ন হালনাগাদ সংক্রান্ত ত্রৈমাসিক প্রতিবেদন উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট প্রেরণ | [১.৫.১] ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরিত | সমষ্টি | সংখ্যা | ২ | | | ৪ | ৩ | | | | ৪ | ৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | | |
| [২] কর্মসম্পাদনে গতিশীলতা আনয়ন ও সেবার মান বৃদ্ধি | ৯ | [২.১] ই-নথি বাস্তবায়ন | [২.১.১] ই-নথিতে নোট নিষ্পত্তিকৃত | গড় | % | ২ | | | ৮০ | ৭০ | ৬০ | | | ৮৫ | ৯০ |
| | | [২.২] ডিজিটাল সেবা চালুকরণ | [২.২.১] একটি নতুন ডিজিটাল সেবা চালুকৃত | তারিখ | তারিখ | ২ | | | ১৫.০২.২১ | ১৫.০৩.২১ | ১৫.০৪.২১ | ১৫.০৫.২১ | | ১৫-০২-২০২২ | ১৫-০২-২০২৩ |
| | | [২.৩] সেবা সহজিকরণ | [২.৩.১] একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত | তারিখ | তারিখ | ১ | | | ২৫.০২.২১ | ২৫.০৩.২১ | ২৫.০৪.২১ | ২৫.০৫.২১ | | ১৫-০২-২০২২ | ১৫-০২-২০২৩ |
| | | [২.৪] কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [২.৪.১] প্রত্যেক কর্মচারির জন্য প্রশিক্ষণ আয়োজিত | সমষ্টি | জনঘন্টা | ২ | | | ৫০ | ৪০ | ৩০ | ২০ | | ৫০ | ৫০ |
| | | | [২.৪.২] ১০ম গ্রেড ও তদুর্ধ্ব প্রত্যেক কর্মচারীকে এপিএ বিষয়ে প্রদত্ত প্রশিক্ষণ | সমষ্টি | জনঘন্টা | ১ | | | ৫ | ৪ | | | | ৫ | ৫ |
| | | [২.৫] এপিএ বাস্তবায়নে প্রনোদনা প্রদান | [২.৫.১] ন্যুনতম একটি আওতাধীন দপ্তর-সংস্থা/ একজন কর্মচারীকে এপিএ বাস্তবায়নের জন্য প্রনোদনা প্রদানকৃত | সমষ্টি | সংখ্যা | ১ | | | ১ | | | | | ১ | ১ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | গণনা পদ্ধতি | একক | কর্মসম্পাদন সূচকের মান | প্রকৃত অর্জন ২০১৮-১৯ | প্রকৃত অর্জন* ২০১৯-২০ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০২০-২১ | | | | | প্রক্ষেপণ ২০২১-২০২২ | প্রক্ষেপণ ২০২২-২০২৩ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমুহ | | | | | | | | | | | | | | | |
| [৩] আর্থিক ও সম্পদ ব্যবস্থাপনার উন্নয়ন | ৬ | [৩.১] বার্ষিক ক্রয় পরিকল্পনা বাস্তবায়ন | [৩.১.১] ক্রয় পরিকল্পনা অনুযায়ী ক্রয় সম্পাদিত | সমষ্টি | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.২] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | [৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ২ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | | [৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়িত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ১০০ | ৯০ | ৮০ | | | ১০০ | ১০০ |
| | | [৩.৩] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৩.৩.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | ৮৫ | ৯০ |
| | | | [৩.৩.২] অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | ক্রমপুঞ্জিভূত | % | ১ | | | ৫০ | ৪০ | ৩০ | ২৫ | | ৫৫ | ৬০ |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয় মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, অর্থ মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

১৭.০৯.২০২০

সচিব,
অর্থনৈতিক সম্পর্ক বিভাগ: অর্থ মন্ত্রণালয়

তারিখ

১৭.০৯.২০২০

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

## সংযোজনী-১

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | ডিপি | ডেভেলপমেন্ট পার্টনার |
| ২ | ডিএমএফএএস | ডেট ম্যনেজমেন্ট এ্যান্ড ফাইনান্সিয়াল এ্যানালাইসিস সিস্টেম |
| ৩ | বিডিএফ | বাংলাদেশ ডেভেলপমেন্ট ফোরাম |
| ৪ | এআইএমএস | এইড ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম |
| ৫ | এডিপি/আরএডিপি | বার্ষিক উন্নয়ন কর্মসূচি/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি |
| ৬ | ইউএনএফসিসি | ইউনাইটেড ন্যাশন ফ্রেমওয়ার্ক কনভেনশন অন ক্লাইমেট চেঞ্জ |
| ৭ | আইএমএফ | ইন্টারন্যাশনাল মানিটারি ফান্ড |
| ৮ | জিডিপি | গ্রস ডোমেস্টিক প্রোডাক্ট |
| ৯ | এফএএমএস | ফরেন এইড ম্যানেজমেন্ট সিস্টেম |
| ১০ | জিসিএফ | গ্রীন ক্লাইমেট ফান্ড |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকের বাস্তবায়নকারী এবং পরিমাপ পদ্ধতি

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | [১.১.১] উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের অনুরোধ/সম্মতিতে এবং উন্নয়ন সহযোগীদের সাথে আলোচনান্তে ইআরডি উন্নয়ন সহযোগীদের নিকট হতে প্রকল্পটিতে অর্থায়নের প্রাথমিক সম্মতি সংগ্রহ করে। | সকল প্রোগ্রামিং শাখা | প্রাথমিক সম্মতি পত্র/মিশন সংক্রান্ত পত্র/ উন্নয়ন সহযোগীদের লেন্ডিং প্রোগ্রাম যাচাই | সংশ্লিষ্ট নথি, এ বিভাগের মাসিক প্রতিবেদন, বার্ষিক প্রতিবেদন |
| [১.২] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ফ্যাক্ট ফাইন্ডিং/বাস্তবায়ন মিশন সমাপ্ত | [১.২.১] প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ফ্যাক্ট ফাইন্ডিং/বাস্তবায়ন মিশন সমাপ্ত | প্রস্তাবিত কর্মসূচি/প্রকল্পের সম্ভাব্যতা যাচাই, ব্যয় প্রাক্কলন এবং প্রকল্পের বাস্তবায়ন এবং পণ্য ও সেবা ক্রয়ের পদ্ধতি ইত্যাদি বিষয়ে প্রাসঙ্গিক তথ্য সংগ্রহ করার জন্য উন্নয়ন সহযোগী এ মিশনগুলো প্রেরণ করে এবং প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়ের প্রকল্পের রূপরেখা নির্ধারণে ইআরডি সহায়তা করে। | সকল প্রোগ্রামিং শাখা | পত্র/সভার কার্যবিবরণী/মিশন প্রতিবেদন যাচাই | সংশ্লিষ্ট নথি, এ বিভাগের মাসিক ও বার্ষিক প্রতিবেদন |
| [১.৩] উন্নয়ন সহযোগীদের সাথে নেগোসিয়েশন সমাপ্ত | [১.৩.১] উন্নয়ন সহযোগীদের সাথে নেগোসিয়েশন সমাপ্ত | ইআরডি, উন্নয়ন সহযোগী, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ এবং সংশ্লিষ্ট অন্যান্য মন্ত্রণালয়ের প্রতিনিধিদের নিয়ে নেগোসিয়েশন সভা আয়োজন এবং অর্থায়নের চুক্তি চূড়ান্ত করা হয়। | সকল প্রোগ্রামিং শাখা | সভার কার্যবিবরণী ও পত্র যাচাই | সংশ্লিষ্ট নথি, এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৩.২] খসড়া চুক্তি পরীক্ষিত ও চূড়ান্ত | চুক্তির খসড়া প্রস্তাব পরীক্ষা এবং সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ/সংস্থার মতামত সংগ্রহপূর্বক চুক্তির খসড়া চূড়ান্তকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। | সকল প্রোগ্রামিং শাখা | সভার কার্যবিবরণী ও পত্র যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.৪] চুক্তি স্বাক্ষর | [১.৪.১] প্রতিশ্রুতি অর্জিত | সরকার (জিওবি) এবং উন্নয়ন সহযোগীর মধ্যে ঋণ ও অনুদানের জন্য স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী বৈদেশিক সহায়তার নির্ধারিত পরিমাণ। | সকল প্রোগ্রামিং শাখা ও ফাবা অনুবিভাগ | অর্থায়ন চুক্তি যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৪.২] সরকার কর্তৃক চুক্তি অনুমোদিত | অর্থায়ন প্রস্তাব চূড়ান্ত করার পর আইন ও সংসদ বিষয়ক বিভাগের ভেটিং সাপেক্ষে মাননীয় প্রধানমন্ত্রী বা মাননীয় অর্থ মন্ত্রীর (অর্থায়নের পরিমাণের উপর ভিত্তি করে) চূড়ান্ত অনুমোদন গ্রহণ করা হয়। | সকল প্রোগ্রামিং শাখা | সারসংক্ষেপ, ভেটিং নোট ইত্যাদি যাচাই | সংশ্লিষ্ট নথি, এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [১.৫] বৈদেশিক সহায়তার ব্যবহার | [১.৫.১] চুক্তি কার্যকর | কতিপয় শর্ত পরিপালন সাপেক্ষে নির্দিষ্ট সময়ের মধ্যে চুক্তি কার্যকর করার প্রয়োজনীয় পদক্ষেপ। | সকল প্রোগ্রামিং শাখা | পত্র যাচাই | সংশ্লিষ্ট নথি,এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৫.২] এডিপিভুক্ত প্রকল্পের অনুকূলে প্রকল্প সাহায্য বরাদ্দকৃত | সকল বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের চাহিদা এবং বৈদেশিক সহায়তার লভ্যতা বিবেচনায় এডিপি বা আরএডিপি-ভুক্ত প্রকল্পসমূহের অনুকূলে বার্ষিক প্রকল্প সহায়তার বরাদ্দ করা। | ফাবা অনুবিভাগ | বরাদ্দ প্রতিবেদন ও এডিপি/আরএডিপি বই যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৫.৩] ছাড়কৃত বৈদেশিক সাহায্য | উন্নয়ন সহযোগী কর্তৃক প্রতিশ্রুত সহায়তা হতে প্রকল্প/কর্মসূচীর অনুকূলে অর্থ ছাড়। | সকল প্রোগ্রামিং শাখা ও ফাবা অনুবিভাগ | উন্নয়ন সহযোগী ও প্রকল্প অফিসের প্রতিবেদন যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.৬] বৈদেশিক সহায়তার ব্যবহার কাঙ্খিত পর্যায়ে উন্নীতকরণে তদারকি | [১.৬.১] প্রকল্প বাস্তবায়নে চিহ্নিত সমস্যা দূরীকরণে ত্রৈমাসিক ত্রি-পক্ষীয় সভা আয়োজিত | ধীর গতির প্রকল্পসমূহের বাস্তবায়ন পর্যালোচনার ও সমস্যা দূরীকরণে উন্নয়ন সহযোগী এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সাথে ইআরডি ত্রৈমাসিক ভিত্তিতে সভা করে এবং প্রতিবন্ধকতা দূরীকরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে। | সকল প্রোগ্রামিং শাখা | সভার কার্যবিবরণী যাচাই | সংশ্লিষ্ট নথি, এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [১.৬.২] ধীর-গতির প্রকল্পসমূহ চিহ্নিত | ডিপিপি/টিপিপি অনুযায়ী নির্ধারিত সময়ে পরিকল্পনা মাফিক কাজ বা অর্থ ব্যয় করতে ব্যর্থ হয় এরূপ প্রকল্পসমূহকে ধীর গতির প্রকল্প হিসাবে চিহ্নিত করা। | সকল প্রোগ্রামিং অনুবিভাগ ও ফাবা অনুবিভাগ | পত্র যাচাই | সংশ্লিষ্ট নথি, এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [১.৬] বৈদেশিক সহায়তার ব্যবহার কাঙ্খিত পর্যায়ে উন্নীতকরণে তদারকি | [১.৬.৩] ত্রি-পক্ষীয় সভার গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়নকারী মন্ত্রণালয়/সংস্থায় অবহিতকরণ | ধীর-গতির প্রকল্পসমূহের বাস্তবায়ন পর্যালোচনার ও সমস্যা দূরীকরণে উন্নয়ন সহযোগী এবং বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগের সাথে ইআরডি ত্রৈমাসিক ভিত্তিতে সভা করে এবং প্রতিবন্ধকতা দূরীকরণে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করে। ত্রি-পক্ষীয় সভাসমূহের গৃহীত সিদ্ধান্তের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প বাস্তবায়নকারী সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থায় অবহিত করা হয়। | সকল প্রোগ্রামিং শাখা | সভার কার্যবিবরণী/পত্র যাচাই | সংশ্লিষ্ট নথি, এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.১] ডিএমএফএএস ব্যবস্থাপনা | [২.১.১] ডিএমএফএএস তথ্য হালনাগাদকৃত | উন্নয়ন সহযোগী কর্তৃক প্রকল্প অনুকূলে ঋণের ছাড়কৃত অর্থ, সুদ বা অন্যান্য চার্জ/ফিস, পরিশোধিত ঋণের আসল সহ ঋণ সংক্রান্ত সকল তথ্য ডিএমএফএএস সিস্টেমে এন্ট্রি করা। | ফাবা অনুবিভাগ | ডিএমএফএএস | সংশ্লিষ্ট নথি ও এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [২.২] ঋণ পরিশোধ | [২.২.১] বৈদেশিক ঋণের আসল ও সুদ পরিশোধিত | বাংলাদেশ ব্যাংকের মাধ্যমে নির্ধারিত তারিখে সার্ভিস চার্জ, ম্যানেজমেন্ট ফি, কমিটমেন্ট ফি, সুদ এবং আসল উন্নয়ন সহিযোগীকে পরিশোধ করা। | ফাবা অনুবিভাগ | ডিএমএফএএস ও বাংলাদেশ ব্যাংকের এ্যাডভাইস | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [২.৩] ঋণের উপাত্ত বিশ্লেষণ | [২.৩.১] বিশ্বব্যাংক, আইএমএফ ও ক্রেডিট রেটিং এজেন্সীকে ঋণ সংক্রান্ত তথ্য সরবরাহিত | ঋণ ও সুদ পরিশোধ, দীর্ঘ মেয়াদে ঋণ পরিশোধ বাবদ বছরভিত্তিক প্রাক্কলন, ঋণের স্থিতি সহ ঋণ সংক্রান্ত অন্যান্য বিষয়ে বিশ্বব্যাংক, আইএমএফ ও ক্রেডিট রেটিং এজেন্সীকে সময়ভিত্তিক প্রতিবেদন প্রেরন করা। | ফাবা অনুবিভাগ | প্রতিবেদন | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [৩.১] যৌথ অর্থনৈতিক সহযোগিতা উন্নয়নের উদ্যোগ | [৩.১.১] উচ্চপর্যায়ের সভা আয়োজিত | বৈদেশিক সহায়তা বিষয়ে নীতিগত সিদ্ধান্ত, পর্যালোচনা ও দৃষ্টিভঙ্গি বিনিময়ের জন্য বিভিন্ন উন্নয়ন সহযোগীর সাথে উচ্চ পর্যায়ের সভা অনুষ্ঠিত হয়। এ সকল সভায় ভবিষ্যত বৈদেশিক সহায়তার গতি-প্রকৃতি ও বিশ্ব প্রেক্ষাপট নিয়ে আলোচনা হয়। | সকল অনুবিভাগ | জিও, সভার কার্যবিবরণী, পত্র | সংশ্লিষ্ট নথি ও এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.২] জাতীয়/আন্তর্জাতিক সভা/সেমিনার/কর্মশালা আয়োজন | [৩.২.১] বিডিএফ/আন্তর্জাতিক কনফারেন্স/ওয়ার্কশপ আয়োজিত | বাংলাদেশ সরকারের পঞ্চবার্ষিক পরিকল্পনা/প্রেক্ষিত পরিকল্পনার উপর ভিত্তি করে বৈদেশিক সহায়তার চাহিদা বিষয়ে বিডিএফ সভায় উন্নয়ন সহযোগীদের সাথে মত বিনিময় হয়। তাছাড়া, আন্তর্জাতিক কনফারেন্স/ওয়ার্কশপ-এর মাধ্যমে বিভিন্ন আন্তর্জাতিক ইস্যুতে যথা: সাউথ-সাউথ সহযোগিতা, উন্নয়ন অর্থায়ন ইত্যাদি বিষয়ে মত বিনিময় করে উন্নয়নের সঠিক পথ ও পদ্ধতি অনুসন্ধান করা হয়। | জাতিসংঘ ও ডিই অনুবিভাগ | সভার কার্যবিবরণী, পত্র | সংশ্লিষ্ট নথি ও এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| | [৩.২.২] বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণের অগ্রযাত্রা বিষয়ক ১টি কর্মশালা আয়োজিত | বাংলাদেশে নিয়োজিত বিভিন্ন দেশের রাষ্ট্রদূত/হাইকমিশনার, উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান প্রধান এবং উন্নয়ন সংশ্লিষ্ট সরকারি কর্মকর্তাগণের অংশগ্রহণে বঙ্গবন্ধুর সোনার বাংলা বিনির্মাণের অগ্রযাত্রা বিষয়ক কর্মশালা আয়োজন করা হবে | প্রশাসন অনুবিভাগ ও ডিই অনুবিভাগ | পত্র/নোটিশ | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৩.৩] 'গ্রীন ক্লাইমেট ফান্ড (জিসিএফ)' থেকে অর্থ প্রাপ্তির লক্ষ্যে ডাইরেক্ট এনটিটি হিসেবে মনোনয়নের জন্য প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই অন্তে 'অনলাইন অ্যাক্রেডিটেশন সিস্টেম'-এ প্রবেশাধিকার প্রদানের জন্য জিসিএফ সদর দপ্তরে প্রেরণের ব্যবস্থা গ্রহণ | [৩.৩.১] জিসিএফ-এর নিকট পত্র/ইমেইলের মাধ্যমে প্রস্তাব প্রেরিত | 'গ্রীন ক্লাইমেট ফান্ড (জিসিএফ)' থেকে অর্থ প্রাপ্তির লক্ষ্যে ডাইরেক্ট এনটিটি হিসেবে মনোনয়নের জন্য প্রাপ্ত আবেদনপত্র যাচাই-বাছাই অন্তে 'অনলাইন অ্যাক্রেডিটেশন সিস্টেম'-এ প্রবেশাধিকার প্রদানের জন্য জিসিএফ সদর দপ্তরে প্রস্তাব প্রেরণের ব্যবস্থা গ্রহণ করা হবে | জাতিসংঘ অনুবিভাগ | পত্র/ইমেইল | সংশ্লিষ্ট নথি ও এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৩.৪] কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় অর্থনৈতিক পুনরুদ্ধারের অর্থায়ন পরিকল্পনা গ্রহণ | [৩.৪.১] কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় এ সংশ্লিষ্ট বাজেট সহায়তা ও প্রকল্প সহায়তার প্রতিশ্রুতি অর্জিত | সরকার (জিওবি) এবং উন্নয়ন সহযোগীর মধ্যে কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলা সংশ্লিষ্ট ঋণ ও অনুদানের জন্য স্বাক্ষরিত চুক্তি অনুযায়ী বৈদেশিক সহায়তার নির্ধারিত পরিমাণ। | সকল প্রোগ্রামিং অনুবিভাগ ও ফাবা অনুবিভাগ | অর্থায়ন চুক্তি যাচাই | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| | [৩.৪.২] কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় চলতি অর্থবছরের এ বিভাগ সংশ্লিষ্ট অর্থনৈতিক পুনরুদ্ধারের অর্থায়ন পরিকল্পনা প্রণীত | কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় চলতি অর্থবছরের এ বিভাগ সংশ্লিষ্ট অর্থনৈতিক পুনরুদ্ধারের অর্থায়ন পরিকল্পনা প্রণয়ন করা হবে যেখানে বিভিন্ন উন্নয়ন সহযোগীদের থেকে সম্ভাব্য প্রতিশ্রুতির পরিমাণ উল্লেখ থাকবে | সকল প্রোগ্রামিং অনুবিভাগ ও ফাবা অনুবিভাগ | অর্থ বিভাগ/ প্রধানমন্ত্রীর কার্যালয়ে প্রেরিত তালিকা | সংশ্লিষ্ট নথি ও এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.১] উন্নয়ন সহযোগীদের সাথে আলোচনার কার্যকর প্লাটফর্ম প্রতিষ্ঠা | [৪.১.১] লোকাল কন্সালটেটিভ গ্রুপ/ওয়ার্কিং গ্রুপের সভা আয়োজিত | ১৮টি উন্নয়ন সহযোগী রাষ্ট্র/সংস্থার কান্ট্রি অফিস ও ইআরডি একটি মতবিনিময় ফোরাম যা বিভিন্ন থিমেটিক সেক্টরে গৃহীত উন্নয়ন পরিকল্পনার বাস্তবায়ন পর্যালোচনা করে এবং সিদ্ধান্ত বাস্তবায়নে সহযোগিতার ক্ষেত্রসমূহ চিহ্নিত করা হয়। | ডিই অনুবিভাগ | সভার কার্যবিবরণী, পত্র | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন ও Flow Book |
| [৪.২] বৈদেশিক সহায়তার কার্যকারিতা বিশ্লেষণ | [৪.২.১] এআইএমএস (AIMS) প্রতিবেদন প্রণীত | প্যারিস ডিক্লারেশন অনুযায়ী এইড ইফেকটিভনেস এর পাঁচটি নীতি যথা এলাইনমেন্ট, হারমোনাইজেশন, কান্ট্রি-সিস্টেম ইত্যাদির আলোকে বাংলাদেশের গৃহীত বৈদেশিক সহায়তার কার্যকারিতা বিশ্লেষণের জন্য প্রতিবেদন প্রণয়ন করা হয়। | ডিই অনুবিভাগ | প্রকাশিত প্রতিবেদন | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৩] এলডিসি উত্তরণের রোডম্যাপ বাস্তবায়নে সরকার কর্তৃক গঠিত টাস্কফোর্সের কার্যক্রম বাস্তবায়ন | [৪.৩.১] জাতীয় টাস্কফোর্সের সভা আয়োজিত | এলডিসি উত্তরণের রোডম্যাপ বাস্তবায়ন কার্যক্রম পরিবীক্ষণের জন্য মুখ্য সমন্বয়ক, এসডিজি মহোদয়ের সভাপতিত্বে একটি টাস্কফোর্স গঠন করা হয়েছে। উক্ত টাস্কফোর্সে ১০ টি মন্ত্রণালয়/বিভাগের প্রতিনিধি অন্তর্ভুক্ত রয়েছেন। | ডিই অনুবিভাগ | সভার কার্যবিবরণী | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৪] এলডিসি উত্তরণের ক্রাইটেরিয়া অর্জনে কোর টিমের মাধ্যমে তথ্য ও উপাত্তের আলোকে বাংলাদেশের অবস্থান পরিবীক্ষণ এবং এ সংক্রান্ত গবেষেণা/সমীক্ষা আয়োজনের সুপারিশ প্রদান | [৪.৪.১] কোর টিমের সভা আয়োজিত | এলডিসি উত্তরণের ক্রাইটেরিয়া অর্জনে মাধ্যমে তথ্য ও উপাত্তের আলোকে বাংলাদেশের অবস্থান পরিবীক্ষণ এবং এ সংক্রান্ত গবেষেণা/সমীক্ষা আয়োজনের সুপারিশ প্রদান এবং জাতীয় টাস্কফোর্সকে এলডিসি উত্তরণ বিষয়ক অগ্রগতি অবহিতকরণের লক্ষ্যে একটি কোর টিম গঠন করা হয়েছে | ডিই অনুবিভাগ | সভার কার্যবিবরণী | এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৫] প্রকাশনা | [৪.৫.১] Flow of External Resources into Bangladesh প্রকাশিত | ইআরডি'র ফ্ল্যাগসিপ বার্ষিক প্রকাশনা হচ্ছে Flow of external resources into Bangladesh। বিভিন্ন আঙ্গিকে বৈদেশিক সহায়তা ও ঋণের প্রকৃতি ও প্রবাহের সময়ভিত্তিক তথ্য ও বিশ্লেষণ এ প্রকাশনায় অন্তর্ভুক্ত আছে। | ফাবা অনুবিভাগ | প্রকাশনা | Flow Book |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী অনুবিভাগ, অধিশাখা, শাখা | প্রদত্ত প্রমাণক | উপাত্ত সূত্র |
|---|---|---|---|---|---|
| [৪.৬] অভিজ্ঞতা ও জ্ঞান বিনিময় | [৪.৬.১] সেমিনার/ওয়ার্কশপ আয়োজিত | ইআরডি'র কর্মকর্তাগণের জ্ঞান, দক্ষতা ও সক্ষমতা বৃদ্ধির জন্য সেমিনার/ওয়ার্কশপের আয়োজন করা হয়। সেমিনার/ওয়ার্কশপে ইআরডি'র এবং অন্যান্য প্রতিষ্ঠানের কর্মকর্তাগণ তাদের লব্ধ জ্ঞান ও অভিজ্ঞতা বিনিময় করেন। | সকল অনুবিভাগ | নোটিশ ও অফিস আদেশ | সংশ্লিষ্ট নথি ও এ বিভাগের বার্ষিক প্রতিবেদন |
| [৪.৭] ইআরডির প্রকল্প বাস্তবায়ন | [৪.৭.১] এডিপি/আরএডিপি অনুযায়ী বরাদ্দকৃত প্রকল্প সাহায্য ব্যবহৃত | এডিপিভুক্ত ইআরডি'র প্রকল্পসমূহের অনুকূলে বরাদ্দকৃত বাজেট ও প্রকৃত ব্যয় পর্যালোচনা। | প্রকল্প বাস্তবায়নকারী অনুবিভাগ ও সমন্বয় অনুবিভাগ | প্রকল্প প্রতিবেদন | আইএমইডি-তে প্রেরিত রিপোর্ট |

## সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা/মাঠ পর্যায়ের কার্যালয় এর নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| অন্যান্য | প্রকল্প বাস্তবায়নকারী সকল উদ্যোগী মন্ত্রণালয় ও সকল উন্নয়ন সহযোগী | উন্নয়ন সহযোগীর প্রাথমিক সম্মতি সংগৃহীত | মন্ত্রণালয়সমূহ সঠিকভাবে প্রকল্প প্রস্তাব প্রেরণ করবে এবং উন্নয়ন সহযোগীরা যথাসময়ে অর্থায়নের সম্মতি প্রদান করবে | যথাসময়ে অর্থায়নের সম্মতি পাওয়ার নিশ্চয়তা | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| অন্যান্য | সকল উন্নয়ন সহোযোগী ও উদ্যোগী মন্ত্রণালয় | প্রাক-মূল্যায়ন/মূল্যায়ন/ফ্যাক্ট ফাইন্ডিং/বাস্তবায়ন মিশন সমাপ্ত | উন্নয়ন সহযোগীরা যথাসময়ে মিশন প্রেরণ করবে এবং মন্ত্রণালয়সমূহ যথাসময়ে মিশনের অনাপত্তি প্রদান করবে | যথাসময়ে মিশন সম্পন্ন করার নিশ্চয়তা | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| অন্যান্য | সকল উন্নয়ন সহোযোগী ও উদ্যোগী মন্ত্রণালয় | উন্নয়ন সহযোগীদের সাথে নেগোসিয়েশন সমাপ্ত | মন্ত্রণালয়সমূহ যথাসময়ে প্রকল্প প্রণয়ন করবে এবং উন্নয়ন সহযোগীরা যথাসময়ে নেগোসিয়েশন সমাপ্ত করবে | যথাসময়ে নেগোসিয়েশন সম্পন্ন করার নিশ্চয়তা | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| অন্যান্য | সকল উন্নয়ন সহোযোগী ও উদ্যোগী মন্ত্রণালয় | খসড়া চুক্তি পরীক্ষিত ও চূড়ান্ত | মন্ত্রণালয়সমূহ যথাসময়ে প্রকল্প প্রণয়ন করবে এবং উন্নয়ন সহযোগীরা যথাসময়ে খসড়া চুক্তি প্রেরণ করবে | যথাসময়ে খসড়া চুক্তি পরীক্ষিত ও চূড়ান্ত করার নিশ্চয়তা | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| মন্ত্রণালয় / বিভাগ | পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয় | প্রতিশ্রুতি অর্জিত | যথাসময়ে প্রকল্প অনুমোদনের ব্যবস্থা গ্রহণ | চুক্তি স্বাক্ষরের পূর্বে প্রকল্প অনুমোদন প্রয়োজন | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| অন্যান্য | সকল উদ্যোগী মন্ত্রণালয়/বিভাগ | চুক্তি কার্যকর | মন্ত্রণালয়সমূহ যথাসময়ে চুক্তি কার্যকর করার শর্তাদি পূরণ করবে | যথাসময়ে চুক্তি কার্যকর করার নিশ্চয়তা | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| অন্যান্য | সকল উন্নয়ন সহোযোগী ও উদ্যোগী মন্ত্রণালয় | ছাড়কৃত বৈদেশিক সাহায্য | উন্নয়ন সহযোগীরা যথাসময়ে প্রয়োজনীয় অর্থছাড় করবে এবং প্রকল্প বাস্তবায়নকারী সংস্থাসমূহ দ্রুততার সাথে অর্থ ব্যবহার করবে | যথাসময়ে বৈদেশিক সাহায্য ব্যবহারের নিশ্চয়তা | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| অন্যান্য | উন্নয়ন সহোযোগী | কোভিড-১৯-এর অভিঘাত মোকাবেলায় এ সংশ্লিষ্ট বাজেট সহায়তা ও প্রকল্প সহায়তার প্রতিশ্রুতি অর্জিত | উন্নয়ন সহযোগীরা যথাসময়ে বাজেট সহায়তা ও প্রকল্প সহায়তার প্রতিশ্রুতি প্রদান করবে | যথাসময়ে বৈদেশিক সাহায্য প্রদানের নিশ্চয়তা | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |
| অন্যান্য | উন্নয়ন সহোযোগী | প্রকল্প বাস্তবায়নে চিহ্নিত সমস্যা দূরীকরণে ত্রৈমাসিক ত্রি-পক্ষীয় সভা আয়োজিত | ত্রি-পক্ষীয় সভা আয়োজনে উন্নয়ন সহোযোগীদের আগ্রহ | উন্নয়ন সহোযোগীরা যথাসময়ে আগ্রহ না দেখালে সভা করা যাবে না | লক্ষ্যমাত্রা অর্জিত হবে না |